

২০২১

বাংলা

(প্রেগ্রাম)

ল্যাঙ্গুয়েজ কোর কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BNG-G-LCC-T-2

(কবিতা, নাটক ও ছোটগল্প)

পূর্ণমান : ৩০

সময় : $1\frac{1}{2}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৫-৬ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ক) “এ মিনতি করি পদে”— কে, কার কাছে, কি মিনতি করেছে?
- খ) “সোনার তরী”— কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অঙ্গর্গত? এখানে কোন্ ঋতুর কথা আছে?
- গ) ‘বনলতা সেন’ কবিতাটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(পরের পাতায়)

ঘ) ‘মুক্তধারা’ নাটকের ইংরেজি অনুবাদ প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

ঙ) “ভাত দে”— আলোচ্য অংশটি কার? কোথা থেকে নেওয়া হয়েছে? কে, কাকে একথা বলেছেন?

চ) “একেবারে বায়ের ঘরে ঘোগের বাসা”— আলোচ্য অংশটি কার লেখা, কোথা থেকে নেওয়া হয়েছে?

ছ) মন্টুর ছোটদাদুর লেখা আত্মজীবনী কোন্ পুরক্ষার পেয়েছিল?

জ) “ও তো আর ফিরবে না রে, ফিরবেনা আর, ফিরবেনা আর”— আলোচ্য গানটি কোথায় আছে? কে গেয়েছে?

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

ক) ‘বনলতা সেন’— কবিতায় কবির প্রেমচেতনার সঙ্গে ইতিহাসচেতনার যে নিবিড় মেলবন্ধন ঘটেছে, তা আলোচনা করো।

খ) “এই জলের শব্দে আমি আমার মাতৃভাষাকে শুনতে পাই”— আলোচ্য অংশটির বক্তা কে? তার চরিত্রের কোন্ বিশেষ দিকটি প্রস্ফুটিত হয়েছে দেখাও।

গ) ‘শাস্তি’ গল্পের চন্দরা চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) “ও যে অমন করে মন্দিরে মাথা ছাড়িয়ে গেল এটা যেন স্পর্ধার মত দেখাচ্ছে”— কে, কাকে কথাগুলি বলেছে? তৎপর্য বিশ্লেষণ করো।

ঙ) “কুলে একা বসে আছি নাহি ভরসা”— আলোচ্য অংশটি কার, কোথা থেকে নেওয়া হয়েছে? কে কুলে একা বসে আছে? এই বিষয়ে কবির মনোভাব ব্যক্ত করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$

- ক) ‘বঙ্গভূমির প্রতি’— কবিতায় কবির যে তীব্র আকৃতি
প্রকাশ পেয়েছে, তার পরিচয় দাও।
 - খ) ‘মুক্তধারা’ নাটকে গানের উপযোগিতা বিচার করো।
 - গ) ছোটগল্প হিসাবে ‘খগেনবাবু’ কতটা শিল্পসার্থকতা লাভ
করেছে, তা আলোচনা করো।
-